# পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষাপর্ষদ
# সেমিস্টার ভিত্তিক নমুনা প্রশ্নপত্র
# ফাজিল প্রথম বর্ষ
# প্রথম সেমিস্টার

**শ্রেণি - একাদশ** **বিষয় - ভূগোল** **পূর্ণমান - ৩৫**

## Part-A
## (Fundamentals of Physical Geography)

**সঠিক উত্তরটি নির্বাচন করে উত্তরপত্রে (DHR Answer Sheet) চিহ্নিত করো:** **১ × ১৫ = ১৫**

1. Indian Meteorological Department-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

A) দেরাদুন B) কলকাতা

C) নিউ দিল্লি D) নাগপুর।

Ans:- (C)

2. নিম্নলিখিত স্তম্ভগুলির থেকে সঠিক জোড়া তৈরি করো ঃ-

| | |
|---|---|
| i) দর্শন | a) সমুদ্র বিদ্যা |
| ii) ভূতত্ত্ব | b) ভূগোল চিন্তন |
| iii) ভূ-জলবিদ্যা | c) সাংস্কৃতিক ভূগোল |
| iv) নৃতত্ত্ব বিদ্যা | d) ভূমিরূপ বিদ্যা |

A) i.d, ii.a, iii.b, iv.c B) i.d, ii.d, iii.a, iv.c

C) i.b, ii.d, iii.c, iv.d D) i.c, ii.a, iii.b, iv.d

Ans:- (B)

3. "Big Bang"-কথাটি সর্বপ্রথম ব্যবহার করেন—

A) ডাটন B) জেফ্রিস

C) ফ্রেডহয়েল D) স্টিফেন হকিন্স

Ans:- (C)

4. নির্দেশনা ঃ নীচে এই প্রশ্নের দুটি বিবৃতি দেওয়া হয়েছে, যার একটি দাবী হিসাবে (A) এবং অপরটি কারন হিসাবে (R) আছে। দুটি বিবৃতির পরিপ্রেক্ষিতে কোন বিকল্পটি সঠিক? দাবী (A) : পৃথিবীর স্তরযুক্ত কাঠামো আছে।

কারন (R) : পৃথিবী পৃষ্ঠ থেকে যত পৃথিবীর অভ্যন্তরে যাওয়া যাবে তত পদার্থের ঘনত্ব কমতে থাকবে।

A) A ও R দুটিই সঠিক এবং R হলো A এর সঠিক ব্যাখ্যা

B) A ও R দুটিই সঠিক এবং R হলো A এর সঠিক ব্যাখ্যা নয়

C) A হলো সঠিক, কিন্তু R এর সঠিক নয়

D) A হলো মিথ্যা কিন্তু R হলো সঠিক

Ans:- (C)

5. ভূমিকম্পের তরঙ্গ গুলির মধ্যে কোনটি সর্বাপেক্ষা ক্ষুদ্র তরঙ্গ?

A) P তরঙ্গ
B) S তরঙ্গ
C) L তরঙ্গ
D) P ও S তরঙ্গ

Ans:- (A)

6. মহাদেশীয় ভূত্বকের গড় গভীরতা হলো —

A) 5 km
B) 15 km
C) 20 km
D) 30 km

Ans:- (D)

7. আ-আ- লাভা (Aa-Aa Lava) ও পা-হো-হো লাভা (Pa - Hoe-Hoe Lava)-এ ভাষাগুলি কোন দেশীয়?

A) জাপান
B) গ্রিক
C) ফরাসী
D) হাওয়াই দ্বীপপুঞ্জ।

Ans:- (D)

8. DART পদ্ধতির মাধ্যমে ____________ প্রাকৃতিক ঘটনার পূর্বাভাস দেওয়া হয়।

A) ভূমিকম্প
B) সুনামী
C) ঝড়
D) অগ্ন্যুৎপাত

Ans:- (B)

9. আর্ন্তজাতিক ভূ-কম্প গবেষনা কেন্দ্র কোথায় অবস্থিত?

A) ম্যানিলা
B) ক্যালিফোর্নিয়া
C) হেগ
D) নিউ দিল্লি।

Ans:- (B)


10. Grade (পর্যায়) শব্দটি প্রথম ব্যবহার করেন কে?

A) গিলবার্ট
B) ডেভিস
C) ফিসার
D) সেভিগিয়ার

Ans:- (A)

নিম্নলিখিত গ্রাফ অধ্যয়ন করো এবং নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও।

(11, 12 ও 13 নং প্রশ্ন)




11. নিম্নলিখিত কোন বায়ুমন্ডলীয় স্তরে ওজোনের ঘনত্ব সর্বাধিক?

    A) Layer-I B) Layer-II

    C) Layer-III D) Layer-IV

Ans:- (B)

12. বায়ুমন্ডলের কোন যুগ্ম স্তরে উচ্চতা বাড়ার সাথে সাথে উষ্ণতার বৃদ্ধি হচ্ছে?

    A) Layer-II এবং Layer-IV এর উর্দ্ধতল।

    B) Layer-II এবং Layer-III এর উর্দ্ধতল।

    C) Layer-I এবং নিম্নতল এবং Layer-IV এর উর্দ্ধতল।

    D) Layer-I এবং নিম্নতল এবং Layer-III এর নিম্নতল।

Ans:- (A)

13. বায়ুমন্ডলের কোন স্তরে সর্বনিম্ন উষ্ণতা লক্ষ করা যায়?

    A) Layer-I B) Layer-II

    C) Layer-III D) Layer-IV

Ans:- (C)

14. সামুদ্রিক লবন, ধূম্রকণা, সূক্ষ্মমাটি এগুলিকে একসাথে বলা হয় —

A) গ্যাস সমূহ B) উল্কাসমূহ

C) ধূলিকনা D) জলীয় বাষ্প

Ans:- (C)

15. ওজোন গহ্বরে ওজোন গ্যাসের ঘনত্ব থাকে —

A) < 200 DU B) 250-300 DU

C) 350-400 DU D) > 400 DU

Ans:- (A)

## Part-B

## (Fundamentals of Human Geography) ১ × ১২ = ১২

16. নির্দেশনা ঃ নীচে এই প্রশ্নের দুটি বিবৃতি দেওয়া হয়েছে, যার একটি দাবী হিসাবে (A) এবং অপরটি কারন হিসাবে (R) দেওয়া আছে। দুটি বিবৃতির পরিপ্রেক্ষিতে কোন বিকল্পটি সঠিক? দাবী (A) : সাংস্কৃতিক ভূগোলের ক্ষেত্রটি মানবিয় ভূগোল ক্ষেত্রের অর্ন্তগত।

কারন (R) : মানবিয় ভূগোল সাংস্কৃতিক ভূগোলের উপর হস্তক্ষেপ করে।

বিকল্প সমূহঃ A) দাবী ও কারন দুইটি সত্য এবং কারনের সঠিক ব্যাখ্যা হলো দাবীটি।

B) দাবী ও কারন দুইটি সত্য এবং কারনের সঠিক ব্যাখ্যা দাবী নয়।

C) দাবীটি সত্য কিন্তু কারনটি ভুল।

D) দাবীটি ভুল কিন্তু কারনটি সঠিক।

Ans:- (A)

17. 'A Geographical Introduction to History' গ্রন্থের রচয়িতা —

A) লুসিয়েন ফেবার B) জাঁব্রুনস

C) মার্তেনি D) ক্যামিল ভালু।

Ans:- (A)

18. নবনিয়ন্দ্রনবাদ যে নামে পরিচিত —

A) Ecocentinsm B) Stop and go Determinism

C) Go Determinism D) Radical Determinism.

Ans:- (B)

19. কোথায় বাজার বাগান কৃষিকে ট্রাক ফার্মিং বলে?

A) ভারত B) অস্ট্রেলিয়া

C) আমেরিকা যুক্তরাষ্ট্র D) নিউজিল্যান্ড।

Ans:- (C)

20. নিম্নলিখিত বিবৃতগুলির মধ্যে বাজার বাগান কৃষি ও হর্টিকালচারের মধ্যে কোনটি সঠিক নয়?

A) এটি শ্রম ও মূলধন নির্ভর কৃষি ব্যবস্থা।

B) এর জন্য শীতল অঞ্চলে সবুজঘর ও কৃত্তিম গরমের প্রয়োজন

C) এই ব্যবস্থার ক্ষুদ্র সেচ এবং জৈব সারের উপর অনেক জোর দেয়।

D) এই বিস্তৃত অঞ্চল জুড়ে সংগঠিত হয় এবং অনেক দূর পর্যন্ত হয়।

Ans :- (D)

21. কোন ফুল নেদারল্যান্ডের বিশেষত্ব?

A) টিউলিপ B) অর্কিড

C) গোলাপ D) গাঁদা।

Ans :- (A)

22. রেটুন ফসল নামে পরিচিত যেটি —

A) ইক্ষু B) কফি

C) তুলো D) ধান।

Ans:- (C)

23. মানুষের প্রধান প্রধান পেশা বা বৃত্তিগুলির সঠিক একটি ক্রম চিহ্নিত করো :

1) শিকার ও ফলমূল সংগ্রহ 2) পশুপালন

3) বানিজ্যিক কৃষি 4) জীবিকা সত্ত্বাভিত্তিক কৃষি।

A) 1 — 2 — 3 → 4 B) 3 → 2 → 1 → 4

C) 2 → 4 → 1 → 3 D) 4 → 3 → 2 → 1

Ans :- (A)

24. বিশ্বে কফি উৎপাদনে প্রথম দেশটি হল —

A) উগান্ডা B) ভারত

C) ব্রাজিল D) পেরু।

Ans :- (C)

25. নীচের কোন ধরণের খনিতে বৃহৎ ও দ্রুত উৎপাদন পাওয়া যায়?

A) খাদান খনন
B) নদী ভিত্তিক খনন
C) খোলা ঢালাই খনন
D) সরু গর্ত করে খনন।

Ans :- (C)

26. 'গোরু অধ্যুষিত অঞ্চল' নামে পরিচিত যে দেশ —

A) ডেনমার্ক
B) বেলজিয়াম
C) ইউক্রেন
D) রাশিয়া

Ans:- (C)

27. খনিজ উত্তোলন যে ধরনের অর্থনৈতিক ক্রিয়াকলাপ —

A) প্রাথমিক অর্থনৈতিক ক্রিয়াকলাপ
B) সহায়ক অর্থনৈতিক ক্রিয়াকলাপ
C) পরিসেবামূলক অর্থনৈতিক ক্রিয়াকলাপ
D) অতি নব্য অর্থনৈতিক ক্রিয়াকলাপ

Ans :- (A)

## Part - C

## (Fundamentals of India)

১ × ৮ = ০৮

28. ভারতের কোন প্রতিবেশী দেশ SAARC এর সদস্য নয়?

A) আফগানিস্থান
B) মালদ্বীপ
C) ভুটান
D) চিন।

Ans :- (D)

29. ভারতের দক্ষিণতম বিন্দু হল —

A) কন্যাকুমারিকা
B) ইন্দিরাকল
C) ইন্দিরাপয়েন্ট
D) এলাহাবাদ।

Ans :- (C)

30. থর মরুভূমির লবনাক্ত হ্রদকে কী বলে?

A) প্লায়া
B) বেট
C) হামাদা
D) বাগার

Ans :- (A)

31. ভারতের সর্বোচ্চ গিরিপথ হল —

A) রোটাং
B) মানা
C) খারদুংলা
D) নাথুলা

Ans :- (C)

32. ভারতের দীর্ঘতম সেচখাল —

A) সারদা খাল


B) মেদিনীপুর খাল

C) ইন্দিরা গান্ধি খাল

D) তামিলনাড়ু খাল।

Ans :- (C)

প্রদত্ত ভারতের রেখামানচিত্রে তিনটি ভৌগোলিক বৈশিষ্ট্যকে A, B ও C হিসেবে চিহ্নিত করা হয়েছে। প্রদত্ত বিকল্পগুলির মধ্য থেকে এই ভৌগোলিক বৈশিষ্ট্যগুলিকে সনাক্ত করো। (প্রশ্ন নং 33 থেকে 35) ঃ—.




33. প্রদত্ত 'A' হলো ভারতের একটি গুরুত্বপূর্ণ ভূ-তাত্ত্বিক বৈশিষ্ঠ্য। এটি কোন ভূ-তাত্ত্বিক ভূমিরূপকে চিহ্নিত করো :—

A) নীলগিরি পর্বতমালা

B) পশ্চিমঘাট পর্বতমালা

C) রাজমহল পাহাড়

D) সাতপুরা পর্বতমালা।

Ans :- (D)

34. প্রদত্ত মানচিত্র ‘B’ হলো ভারতের একটি গুরুত্বপূর্ণ নদী। এই নদীটির নাম কী?

A) নর্মদা

B) লুনী

C) কৃষ্ণা

D) কাবেরী

Ans :- (D)

35. প্রদত্ত মানচিত্র ‘C’ হলো ভারতের একটি উপকূলীয় সমভূমি যেখানে একাধিক কয়াল রয়েছে। উপকূলীয় সমভূমিটিরি নাম লেখো —

A) মালাবার উপকূলীয় সমভূমি

B) গুজরাট উপকূলীয় সমভূমি

C) করমণ্ডল উপকূলীয় সমভূমি

D) কোঙ্কন উপকূলীয় সমভূমি

Ans :- (A)

**উত্তরমালা**

1(C), 2 (B), 3 (C), 4(C), 5(A), 6(D), 7(D), 8(B), 9(B), 10(A), 11(B), 12(A), 13(C), 14(C), 15(A), 16(A), 17(A), 18(B) 19(C), 20(D), 21(A), 22(C), 23(A), 24(C), 25(C), 26(C), 27(A), 28(D), 29(C), 30(A), 31(C), 32(C), 33(D), 34(D), 35(A)

**পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষাপর্ষদ**

**সেমিস্টার ভিত্তিক নমুনা প্রশ্নপত্র**

**ফাজিল প্রথম বর্ষ**

**দ্বিতীয় সেমিস্টার**

**শ্রেণি - একাদশ** **বিষয় - ভূগোল** **পূর্ণমান - ৩৫**

## Part-A

## (Fundamental of Physical Geography)

**1. যেকোনো একটি রচনাধর্মী প্রশ্নের উত্তর দাও। 5×1=5**

i) এইরি ও প্রাটের তত্ত্বের মূল পার্থক্যগুলি লেখো।

ii) চ্যুতির শ্রেণীবিভাগ কর।

iii) পৃথিবীর বায়ুচাপ বলয়ের সঙ্গে নিয়তবায়ুর সম্পর্ক লেখো।

**2. যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : 3×2=6**

i) যান্ত্রিক আবহবিকারের প্রক্রিয়াগুলি লেখো।

ii) আয়ন বায়ু গতিপথে পাঁচটি বৃহৎ মরুভূমি সৃষ্টি হওয়ার কারণগুলি লেখো।

iii) পশ্চিমা বায়ু প্রভাবিত অঞ্চলে শীতকালে বৃষ্টিপাত হয় কেন?

iv) ভাঁজ ভূমিরূপের উপর গঠিত বিভিন্ন প্রকার জলনির্গম প্রণালীর উদাহরণসহ বর্ণনা দাও।

**3. যে কোন দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :- 2×2=4**

i) এলুভিয়েশন কাকে বলে?

ii) 'বৈপরীত্য উত্তাপ' বলতে কী বোঝ?

iii) 'জিওস্ট্রফিক বায়ু' কি?

iv) উদাহরণসহ ধারণ অববাহিকার সংজ্ঞা দাও।

## Part - B

## (Fundamental of Human Geography)

**4. যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : 3×2=6**

i) বিশ্ব মানচিত্রে চীনের মোটর গাড়ী-নির্মান শিল্পের উত্থানের প্রধান তিনটি কারণ উল্লেখ করো।

ii) আন্তর্জাতিক জলপথ পরিবহণের গুরুত্ব লেখো।

iii) ভারতের প্রধান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর শিল্পকেন্দ্রের নাম লেখো।

iv) অর্থনৈতিক উন্নয়নে নীতি নির্ধারকের ভূমিকা লেখো।

**5. যে কোন তিনটি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : 2×3=6**

i) কোন শিল্পগুলিকে নব্য শিল্প বলা হয়?

ii) সামুদ্রিক মৎস ক্ষেত্র কাকে বলে? উদাহরণ দাও।

iii) লৌহ ইস্পাত শিল্পকে আধুনিক শিল্পের মেরুদণ্ড বলা হয় কেন?

iv) আউটসোর্সিং কি?

v) ICT-র বিভিন্ন উপাদানগুলির নাম উল্লেখ করো।

vi) পরামর্শদাতা কাদের বলে উদাহরণ দাও।

## Part - C

## (Geography of India)

**6. যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : 3×2=6**

i) "The population map of India follows the rainfull map"—এই বক্তব্যটির সমর্থনে যুক্তি দাও।

ii) ভারতের আবহাওয়ার তারতম্যের ক্ষেত্রে বিশ্ব উষ্ণায়নের তিনটি প্রভাব লেখো।

iii) ম্যানগ্রোভ অরণ্যের ব্যবহারিক গুরুত্ব লেখো।

iv) ভারতের বিভিন্ন প্রশাসনিক স্তরে দুর্যোগ ব্যবস্থাপনার কর্মসূচিগুলি আলোচনা কর।

**7. যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ— 2×2=2**

i) মৌসুমি বায়ুর উপর এল-নিনোর দুটি প্রভাব লেখো।

ii) 'জল ধরো জল ভরো' প্রকল্পের উদ্দেশ্য কী ছিল।

# পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষাপর্ষদ
## সেমিস্টার ভিত্তিক নমুনা প্রশ্নপত্র
## ফাজিল দ্বিতীয় বর্ষ
## তৃতীয় সেমিস্টার

**শ্রেণি - দ্বাদশ** **বিষয় - ভূগোল** **পূর্ণমান - ৩৫**

## Unit - I
## (Fundamental of Physical Geography)

- সঠিক উত্তরটি নির্বাচন করে উত্তরপত্রে (**OMR Answer Sheet**) চিহ্নিত করো : **১ × ১৫ = ১৫**

1. আলফ্রেড ওয়েগনারের তত্ত্ব অনুসারে, প্যানজিয়ার ভাঙ্গন শুরু হয়েছিল __________ এর কারণে।

   A) অ্যাসথেনোস্ফিয়ারে পরিচলন স্রোত।

   B) কোরিওলিস বলের প্রভাবে।

   C) বৈষম্যমূলক অভিকর্ষজ শক্তি ও জোয়ারি শক্তি।

   D) তেজস্ক্রিয় পদার্থের ভাঙ্গন।

2. আকার অনুযায়ী ভূমিরূপগুলিকে ক্ষুদ্র থেকে বৃহৎ ক্রমানুযায়ী সাজাও —
   (i) সিঙ্ক হোল (ii) ভোলাইন (iii) সোয়ালো হোল (iv) উভালা

   A) i, iii, ii, iv B) i, ii, iii, iv

   C) ii, i, iii, iv D) iv, iii, ii, i

3. শিথিল পদার্থসমূহ অতি ধীর গতিতে নীচের দিকে নেমে এলে, তাকে বলা হয় —

   A) বিসর্পন B) ধস

   C) শিলা প্রপাত D) অবনমন

4. স্তম্ভ-I-এর সাথে স্তম্ভ-II এর মিলন করিয়ে সঠিক বিকল্প নির্ধারণ করো :

| স্তম্ভ - I | স্তম্ভ - II |
|---|---|
| a) হেলোকার্স্ট | i) কার্স্ট ভূমিরূপের নদীর কার্যের ফলে |
| b) মেরোকার্স্ট | ii) চুনাপাথর দিয়ে গঠিত অঞ্চলের গঠন |
| c) মিইডোকার্স্ট | iii) অসম্পূর্ণ কার্স্ট ভূমিরূপ |
| d) ফ্লুভিও কার্স্ট | iv) চুনাপাথর ছাড়া অন্যান্য ধরনের শিলার উপর গঠিত ভূমিরূপ |

   বিকল্পসমূহ -

   A) A-i, B-ii, C-iii, D-iv B) A-ii, B-iii, C-iv, D-i

   C) A-iv, B-i, C-ii, D-iii D) A-iii, B-iv, C-i, D-ii

5. প্যাটার্নস্টার হ্রদ দেখা যায় হিমবাহের যে অংশে, তা হলো —

A) হিম সোপান
B) ঝুলন্ত উপত্যকা
C) এরিটি
D) রসে মতানে

6. Egg – Box Topography কোন অঞ্চলে দেখা যায়?

A) সিঙ্কহোল অধ্যুষিত অঞ্চল
B) সোয়ালো হোল অধ্যুষিত অঞ্চল
C) ডোলাইন অধ্যুষিত অঞ্চল
D) পোলজে অধ্যুষিত অঞ্চল

7. নিম্নলিখিত ছবিতে চিহ্নিত ভূমিরূপটি শণাক্ত কর।



A) পিরামিড চূড়া
B) এরিটি
C) টার্ন
D) ফিয়ার্ড/ফিয়র্ড।

8. নিম্নলিখিত বিবৃতিগুলি বিবেচনা করো ঃ

(i) দাবী (A) : নিরক্ষীয় অঞ্চল এবং মহাদেশের অভ্যন্তরের অংশ বিশেষে বিশেষত উত্তর গোলার্ধে পরিচলন বৃষ্টিপাত হয়ে থাকে।

(ii) কারণ (R) : উত্তপ্ত হলে বাতাস হালকা হয় ও উপরে উঠে যায়। এটি উপরে উঠে শীতল হয়, প্রসারিত হয় এবং ঘণীভূত হয়।

বিকল্প সমূহঃ

A) শুধুমাত্র দাবিটি সঠিক,

B) শুধুমাত্র ব্যাখ্যাটি সঠিক,

C) দুটি বিবৃতিই সঠিক কিন্তু 2 নং বিবৃতি 1 এর সঠিক ব্যাখ্যা।

D) দুটি বিবৃতিই সঠিক, কিন্তু উভয় বিবৃতি দুটি পরস্পরের সাথে সম্পর্কহীন।

9. বায়ুমন্ডলের দৃশ্যমান্যতা 1-এর কম হলে তাকে কী বলে?

A) কুয়াশা
B) ধোঁয়াশা
C) কুজঝটিকা
D) রাইম

10. নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে গঠন ও ভূমিরূপগতভাবে সমুদ্রের তলদেশের ভূমিরূপের সঠিক শ্রেণিবিভাগ কোনটি?

A) মহাদেশীয় প্রান্তদেশ, গভীর সমুদ্রের সমভূমি, সামুদ্রিক শৈলশিরা, গভীর সমুদ্রখাত, বৃত্তচাপীয় দ্বীপমালা, প্রান্তদেশীয় মহাসাগরীয় অববাহিকা, সামুদ্রিক মালভূমি।

B) মহীসোপান, সামুদ্রিক পাহাড় ও গায়োট, গভীর সমুদ্রখাত, বৃত্তচাপীয় দ্বীপমালা, প্রান্তদেশীয় মহাসাগরীয় অববাহিকা, সামুদ্রিক মালভূমি।

C) মহীঢাল গভীর সমুদ্রের সমভূমি, বৃত্তচাপীয় দ্বীপমালা, গভীর সমুদ্রখাত, মহাসাগরীয় অববাহিকা, মালভূমি।

D) মহাদেশীয় প্রান্তদেশ, গভীর সমুদ্রের সমভূমি, গভীর সমুদ্রখাত, বৃত্তচাপীয় দ্বীপমালা, অগভীর পরীক্ষা, মহাদেশীয় মালভূমি।

11. T.S Diagram-এ কোন দুটি উপাদানের আন্তসম্পর্ক দেখানো হয়?

A) উষ্ণতা ও ঘনত্ব
B) উষ্ণতা ও লবণতা
C) উষ্ণতা ও গভীরতা
D) গভীরতা ও ঘনত্ব


12. EEZ-এর সম্পূর্ণ কথা হলো —

A) Excluded Economic Zone
B) Extreme Economic Zone
C) Extended Economic Zone
D) Exclusive Economic Zone

13. পিলেজিক মৎস্য হলো —

A) হেরিং
B) কর্ড
C) স্যামন
D) ইল

14. 1, 2, 3 এবং 4-এর জন্য সঠিক বিকল্পটি বেছে নিয়ে চিত্রটি সম্পূর্ণ করো ঃ




A) 1. মাংসাশী, 2. স্বভোজী, 3. তৃণভোজী, 4. শীর্ষ মাংসাশী;

B) 1. শীর্ষ মাংসাশী, 2. মাংসাশী, 3. তৃণভোজী, 4. স্বভোজী;

C) 1. তৃণভোজী, 2. শীর্ষ মাংসাশী, 3. স্বভোজী, 4. মাংসাশী;

D) 1. স্বভোজী, 2. তৃণভোজী, 3. শীর্ষ মাংসাশী, 4. মাংসাশী;

15. নীচের কোনটি খাদ্য জলের বর্ণনা দেয় না?

(A) শক্তিপ্রবাহ সরলরৈখিক প্রদর্শিত হয়।

(B) জীবজগতের উচ্চ পুষ্টিকর থেকে অনেক সদস্য নিম্নপুষ্টি স্তরে অন্তর্ভুক্ত হয়।

(C) এর মাধ্যমে শক্তিপ্রবাহ বহুমুখী জাল প্রদর্শিত হয়।

(D) জীবজগতে এর একটি মুখ্য ভূমিকা আছে, অভিযোজন ও প্রতিযোগিতার ক্ষেত্রে।

**Part - B** ১ × ১০ = ১০

16. বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে প্রযুক্তির অভিগম্যতা, তথ্য সংগ্রহ ও ব্যবহার ইত্যাদি সম্বন্ধীয় যে বৈষম্যতা তাকে বলা হয়—

(A) প্রযুক্তিগত ব্যবধান (B) তথ্য সংগ্রহ জনিত ব্যবধান

(C) জনমিতির ব্যবধান (D) কোনটিই নয়।

17. অভিবাসনের ফলে নিম্নের কোন ঘটনাটি ঘটতে দেখা যায়?

(A) জমির মূল্য বৃদ্ধি পেতে দেখা যায়।

(B) জমির মূল্য হ্রাস পেতে দেখা যায়।

(C) স্বল্প জনসংখ্যা বিশিষ্ট দেশে শ্রমের জোগান হ্রাস পায়।

(D) কোনটিই নয়।

18. জনসংখ্যার ঘনত্বের সূত্রটি হলো—

(A) এলাকা/জনসংখ্যা,

(B) এলাকা/জনসংখ্যা × ১০০,

(C) জনসংখ্যা/এলাকা

(D) জনসংখ্যা/এলাকা × ১০০

19. দীর্ঘদিন অপরিবর্তনশীল জন্ম ও মৃত্যুহার সমন্বিত ব্যারেলের ন্যায় সমান প্রশান্ত জনসংখ্যা পিরামিডকে কী বলা হয়?

(A) অন্তবর্তী পর্যায়ের জনসংখ্যা পিরামিড

(B) স্থিতিশীল বয়লিঙ্গ পিরামিড

(C) ক্রমবর্ধমানশীল জনসংখ্যা পিরামিড

(D) কোনটিই নয়।

20. _______ Software দ্বারা জনসংখ্যার বিভিন্ন তথ্যের ক্ষেত্রীয় বণ্টন অনুমান করা হয়।

(A) GPS

(B) GMAP

(C) GIS,

(D) GSS

21. নীচের দেওয়া বিকল্পগুলি থেকে গোষ্ঠীবদ্ধ জনবসতি সম্পর্কে সবথেকে উপযুক্ত বর্ণনা খোঁজ।

(i) একে অপরের কাছাকাছি প্রচুর সংখ্যক বাড়ি তৈরি করা হয়েছে।

(ii) সম্প্রদায়গুলি ঘনিষ্ঠ এবং তাদের পেশাগুলিও একই প্রকৃতির।

(iii) নদী উপত্যকার ও উর্বর সমভূমিতে এই ধরনের বসতি গড়ে ওঠে।

(iv) একটি সাংস্কৃতিক বৈশিষ্ট্য যেমন উপাসনালয় বা একটি রাজ্যের বসতিকে একত্রে আবদ্ধ করে।

বিকল্পসমূহ :

(A) চারটি বর্ণনাই যথাযথোভাবে গোষ্ঠীবদ্ধ জনবসতিকে ব্যাখ্যা করে।

(B) (i), (ii) ও (iii) শুধুমাত্র সঠিক।

(C) (ii) ও (iii) শুধুমাত্র সঠিক।

(D) (i) ও (iv) শুধুমাত্র সঠিক।

22. গ্রামীণ জনবসতিতে যেখানে বাড়িগুলি রাস্তা, রেললাইনের পাশে নদী বা খালের পাড়ে গড়ে ওঠে, সেখানে _________ প্যার্টানের জনবসতি দেখা যায়।

(A) তারকার মতো, (B) রৈখিক,

(C) আয়তক্ষেত্রকার, (D) বৃত্তাকার।

23. সঠিক বিকল্প চয়ন করো :

গ্রামীন বসতির অবস্থানকে প্রভাবিত করে এমন কিছু কারণ হলো —

বিকল্পগুলি :

(A) জলসরবরাহ, জমির প্রাপ্যতা, প্রতিরক্ষা, নির্মাণকার্য।

(B) জলসরবরাহ, সেচ সুবিধা, ভারী শিল্প, জমির প্রাপ্যতা।

(C) সেচ সুবিধা, গ্রামীণ ব্যাঙ্ক, নির্মাণ সামগ্রী, সেবা ক্ষেত্র।

(D) গ্রামীণ ব্যাঙ্ক, জমির প্রাপাতা, নির্মাণ সামগ্রী, উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান।

24. মুম্বাই, দিল্লি, কলকাতা ও চেন্নাই কোন ধরনের পৌরবসতির উদাহরণ—

(A) মেট্রোপলিস (B) টির‍্যানোপলিস

(C) মেগালোপলিস (D) ইয়োপলিস

25. সঠিক বিকল্পগুলি বেছে নিয়ে স্তম্ভগুলি মেলাও :

| **স্তম্ভ - (I)**<br>**শহরের জনবসতির সমস্যা** | **স্তম্ভ - (II)**<br>**কারণ** |
|---|---|
| (A) নাগরিক সমস্যা | (i) বৃহৎ অভিবাসী জনসংখ্যা |
| (B) অর্থনৈতিক সমস্যা | (ii) পুরুষ দ্বারা নির্বাচিত লিঙ্গ অনুপাত |
| (C) সামাজিক-সাংস্কৃতিক সমস্যা | (iii) বাসস্থানের অভাব |
| (D) পরিবেশগত সমস্যা | (iv) বিপুল পরিমাণ বর্জ্য উৎপাদন |

বিকল্পসমূহ :

(A) A-i, B-ii, C-iii, D-iv; (B) A-iv, B-iii, C-ii, D-i;

(C) A-iii, B-i, C-ii, D-iv; (D) A-ii, B-iv, C-i, D-ii;

## Unit - III

## (Geography of India) ১ × ১০ = ১০

26. ভারতের চারটি সর্বাধিক জনবহুল রাজ্য (2011 সালের আদমসুমারী তথ্য) _____

    (A) উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, বিহার, গুজরাত

    (B) উত্তরপ্রদেশ, কর্ণাটক, বিহার, গুজরাত

    (C) উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র, পশ্চিমবঙ্গ, বিহার

    (D) কর্ণাটক, মহারাষ্ট্র, বিহার, পশ্চিমবঙ্গ।

অনুচ্ছেদটি মনোযোগ সহকারে পড়ো এবং নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও প্রশ্ন 27 ও 28 :

রেইন ওয়াটার হার্ভেস্টিং হলো বিভিন্ন ব্যবহারের জন্য বৃষ্টির জল সংগ্রহ ও সংরক্ষণের একটি পদ্ধতি। এটি ভূগর্ভস্থ জলের ভাণ্ডার পুরনে ব্যবহৃত হয়। বৃষ্টির জলকে বোরওয়েল, গর্ত ও কূপে স্থানান্তর করে জলের বেশিরভাগ অংশকে সংরক্ষণের জন্য এটি একটি কম খরচের ও পরিবেশবান্ধব কৌশল। বৃষ্টির জল সংগ্রহ করে জলের প্রাপ্যতা বৃদ্ধি করা ভূগর্ভস্থ জলের নিম্নগতি যাচাই করা, ফ্লোরাইড ও নাইট্রেটের মতো দূষিত পদার্থের দ্রবীভূতকরণের মাধ্যমে ভূগর্ভস্থ জলের গুণমান উন্নত করে, মাটির ক্ষয় ও বন্যা প্রতিরোধ করে এবং উপকূলীয় অঞ্চলের লবনাক্ত জলের অনুপ্রবেশ আটকায়, জলাধার পূরণ করা হয়।

দীর্ঘদিন ধরে দেশের বিভিন্ন সম্প্রদায় বিভিন্ন পদ্ধতির মাধ্যমে বৃষ্টির জল সংগ্রহের অনুশীলন করে আসছে। গ্রামীণ এলাকায় প্রথাগতভাবে বৃষ্টির জল সংগ্রহ করা হয়, যেমন পুকুর, সেচ, ট্যাঙ্ক, জলাশয় ইত্যাদি ব্যবহার করে। বাসস্থানে, বৃষ্টির জল সংগ্রহের কাঠামোগুলি স্থানীয়ভাবে কুন্ড বা জলাধার নামে পরিচিত। সংগ্রহ করা বৃষ্টির জল সঞ্চয় করার জন্য বাড়ির কাছাকাছি বা গ্রামের কাছে এগুলি তৈরি করা হয়। (সূত্র-NCERT-ভূগোল পাঠ্যপুস্তক XII)।

27. কোনটি বৃষ্টি জল সংগ্রহের সুবিধা নয়?

    (A) জলের প্রাপ্যতা বাড়ায়,

    (B) মাটির ক্ষয় রোধ করে,

    (C) ভূগর্ভস্থ জলের গুণমান উন্নত করে,

    (D) এটি একটি ব্যয়বহুল কৌশল।

28. রাজস্থানের চিরাচরিত বৃষ্টির জল সংগ্রহের স্থান ________ নামে পরিচিত।

    (A) এরি, (B) খাদিন,

    (C) কুন্ড, (D) পানাম কেনি।

**29. উভয় স্তম্ভের সহ সম্পর্ক নির্ধারন করো ও সঠিক বিকল্প চয়ন করো ঃ—**

| **স্তম্ভ I** | **স্তম্ভ II** |
|---|---|
| A. শ্বেত বিপ্লব | i) অ্যায়োকা কালচার উন্নয়ন |
| B. হলুদ বিপ্লব | ii) দুধ উৎপাদন বৃদ্ধি |
| C. সবুজ বিপ্লব | iii) অপরিশোধিত তেল উৎপাদনের আত্মনির্ভরশীলতা |
| D. নীল বিপ্লব | iv) কৃষি উৎপাদন বৃদ্ধি |

বিকল্প সমূহ — (A) A-i, B-ii, C-iii, D-iv (B) A-ii, B-iii, C-iv, D-ii

(C) A-iii, B-iv, C-i, D-ii, (D) A-iv, B-iii, C-ii, D-i

30. শর্করা বা স্টার্ট থেকে উৎপন্ন একটি জৈব জ্বালানি হলো— A) মিথেন B) বেঞ্জিন C) ইথানল D) কোনটিই নয়।

31. সবুজ বিপ্লবের মূল কারন ছিল —

A) বিজ্ঞান সম্মত আধুনিক কৃষি যন্ত্রপাতির অভাব

B) খাদ্যদ্রব্যের ক্রমাগত মূল্যবৃদ্ধি

C) দ্রুত জনসংখ্যা বৃদ্ধি

D) প্রথাগত কৃষি যন্ত্রপাতির ব্যবহার

32. ভারতের ক্ষুদ্রতম জাতীয় সড়ক পথটি হলো —

A) NH-48 B) NH-44


C) NH-19 D) NH-23

33. ভারতের উচ্চতম রজ্জুপথটি হলো —

A) সোনামার্গ B) নামচি

C) গুলমার্গ D) এলিফ্যান্ট

**ভারতের প্রদত্ত রেখাচিত্রের দুটি রাজ্যকে A ও B হিসাবে চিহ্নিত করা হয়েছে। প্রদত্ত বিকল্পগুলির সাহায্যে এদেরকে শণাক্ত করো (প্রশ্ন 34 ও 35)**




34. খনিজগুলি দেখে বিকল্পগুলির মধ্যে চিহ্নিত করো যেক্ষেত্রে A হিসাবে চিহ্নিত রাজ্য নির্দিষ্ট খনিজ উপাদানে অগ্রণী —

A) বক্সাইড ও তামা  B) বক্সাইড ও ম্যাঙ্গানিজ

C) ম্যাঙ্গানিজ ও লৌহ আকরিক  D) অভ্র ও তামা।

35. B হিসাবে চিহ্নিত রাজ্য শণাক্ত করো এবং এর প্রধান ফসল চিহ্নিত করো —

A) অরুণাচল প্রদেশ-চা,  B) আসাম-চা,

C) আসাম-আখ,  D) মেঘালয়-ধান।

## উত্তরমালা

1 (C), 2(A), 3(A), 4(B), 5(A), 6(A), 7 (C), 8(C), 9(A), 10(A), 11(B), 12(D), 13(A), 14(B), 15(A), 16(C), 17(A), 18(C), 19(B), 20(C), 21(A), 22(B), 23(A), 24(A), 25(C), 26(C), 27(D), 28(C), 29(B), 30(C), 32(B), 33(C), 34(B), 35(B)

**পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষাপর্ষদ**
**সেমিস্টার ভিত্তিক নমুনা প্রশ্নপত্র**
**ফাজিল দ্বিতীয় বর্ষ**
**চতুর্থ সেমিস্টার**

**শ্রেণি - দ্বাদশ** | **বিষয় - ভূগোল** | **পূর্ণমান - ৩৫**

## Part-A
## (Fundamentals of Physical Geography)

**1. যেকোনো একটি রচনাধর্মী প্রশ্নের উত্তর দাও।** **5×1=5**

i) বায়ুর ক্ষয়কার্যের ফলে গঠিত ভূমিরূপের সচিত্র বর্ণনা দাও।

ii) কোপেনের মতে জলবায়ুর শ্রেণিবিভাগ কর।

iii) সমুদ্রস্রোত সৃষ্টির কারণ লেখো।

**2. যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও :** **3×2=6**

i) ক্রান্তীয় ঘূর্ণবাত ও নাতিশীতোষ্ণ ঘূর্ণবাতের পার্থক্য লেখো।

ii) সমুদ্রবক্ষের বিস্তৃতির তিনটি কারণ লেখো।

iii) বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের তিনটি ফলাফল লেখো।

iv) জীববৈচিত্র্যের গুরুত্ব লেখো।

**3. নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও :-** **2×2=4**

i) নদীর পুনঃযৌবন লাভ কি?

ii) সমুদ্রস্রোত সৃষ্টির দুটি কারণ লেখো।

iii) ক্ষয়চক্র কাকে বলে?

iv) জীববৈচিত্র্যের সংরক্ষণ বলতে কী বোঝ?

## Part - B
## (Fundamentals of Human Geography)

**4. নিম্নোক্ত যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও :** **3×2=6**

i) জনবিবর্তন মডেলের প্রথম ও চতুর্থ পর্যায়ের বৈশিষ্ট্যগুলি লেখো।

ii) উন্নয়নশীল ও উন্নত দেশের বয়সলিঙ্গ পিরামিডের তিনটি পার্থক্য লেখো।

iii) অমর্ত্য সেনের ধারণা অনুসারে "Capability Approach" টি ব্যাখ্যা কর।

iv) বিশ্ব জনবিবর্তনে প্রবজনের (migration) গুরুত্ব লেখো।

**5. যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : 2×2=4**

i) 'জন স্বল্পতা' বলতে কী বোঝ?

ii) মানব উন্নয়নের সূচকগুলি লেখো।

iii) জনবিস্ফোরণ কাকে বলে?

iv) বাধ্যতামূলক পরিব্রাজনের দুটি কারণ লেখো।

## Part - C
## (Geography of India)

**6. নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে দুটি প্রশ্নের উত্তর দাও : 3×2=6**

i) বাণিজ্যিক মৎস চাষের উন্নতির কারণ লেখো।

ii) ভারতে মোটরগাড়ি নির্মাণ শিল্পের দ্রুত বিকাশের কারণ লেখো।

iii) সম্প্রতি কলকাতার বায়ু দূষণ বাড়ছে কেন?

iv) পশ্চিমবঙ্গে আর্সেনিক দূষণ নিয়ন্ত্রণের উপায়গুলি কী কী?

**7. নিম্নলিখিত প্রশ্নগুলির থেকে যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও ঃ— 2×2=2**

i) ভারতের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের উন্নতির কারণ

ii) আধুনিক যোগাযোগ ব্যবস্থায় কৃত্রিম উপগ্রহের গুরুত্ব মূল্যায়ন কর।

iii) ডুয়ার্স অঞ্চলে বন্যপ্রাণী, মানব সমাজে কি কি সমস্যা সৃষ্টি করে?

iv) গঙ্গাদূষণের দুটি কারণ লেখো।